# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
## Date 22-04-2025 Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) শিক্ষামন্ত্রী জানিয়েছেন, চাকরীহারাদের মধ্যে ১৭ হাজার ২০৬ জন শিক্ষক যোগ্য বলে সুপ্রিম কোর্টে হলফনামা দিয়ে জানিয়েছে মধ্যশিক্ষা পর্ষদ।

রাজ্য সরকার চাকরি-হারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের পাশে রয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ফের একবার জানিয়েছেন।

চাকরিহারা শিক্ষকদের সঙ্গে স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যানের বৈঠকে আজও সমাধান সূত্র অধরা।

২) মুখ্যমন্ত্রী আজ গোয়ালতোড়ে ১১২ দশমিক ৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি সৌর বিদ্যুৎ প্রকল্প সহ একাধিক উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করেছেন।

মে মাসে তিনি মুর্শিদাবাদ যাবেন বলে জানিয়েছেন।

৩) মেদিনীপুর কলেজে আন্দোলন চলাকালীন দুই DSO নেত্রীকে মেদিনীপুর মহিলা থানায় নিয়ে গিয়ে পুলিশী অত্যাচারের অভিযোগ তদন্ত করে দেখতে কলকাতা হাইকোর্ট সিট গঠনের নির্দেশ দিয়েছে।

৪) পশ্চিমের জেলাগুলিতে আগামী তিনদিন তাপপ্রবাহের সতর্কতা দিয়েছে আবহাওয়া দফতর। জারি থাকবে অস্বস্তিকর গরম।

oooooooooooooooooooooo

চাকরীহারাদের মধ্যে ১৭ হাজার ২০৬ জন শিক্ষক যোগ্য বলে সুপ্রিম কোর্টে হলফনামা দিয়ে জানিয়েছে মধ্যশিক্ষা পর্ষদ। আজ বিকাশ ভবনে সাংবাদিক বৈঠকে একথা জানিয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন, আইনজ্ঞদের অনুমতি পাওয়া যায়নি বলেই যোগ্য ও অযোগ্যের তালিকা প্রকাশ করা হয়নি। আন্দোলনরত চাকরিহারাদের পাশে থাকার আশ্বাস দিয়ে তাঁদের কাজে ফেরার অনুরোধ জানিয়েছেন শিক্ষামন্ত্রী। তিনি জানান, কাজ চালিয়ে যাওয়া শিক্ষকরা বেতন পাবেন। এছাড়াও, রাজ্য সরকাররের পক্ষ থেকে সুপ্রিম কোর্টে রায় পুনর্বিবেচনার আবেদন জানানো হবে, তবে এমন কিছু করা উচিত নয়, যাতে আদালত অবমাননার অভিযোগ উঠতে পারে। আন্দোলনকারীদের প্রতি কোনরকম কড়া মনোভাব নেই বলে জানিয়ে শিক্ষামন্ত্রী আশ্বাস দেন সরকার আলোচনায় বিশ্বাসী। এই আন্দোলনে বিরোধীরা ঘোলা জলে মাছ ধরতে চাইছে বলেও অভিযোগ করেন তিনি।

oooooooooooooooooooooo

এদিকে, গতকাল থেকে সল্টলেকে আচার্য ভবনের সামনে বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন, চাকরি হারা শিক্ষক ও শিক্ষা কর্মীরা। এদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যায় মহিলারাও রয়েছেন। প্রচন্ড গরমের মধ্যেই আজ রাস্তায় বসে থাকতে দেখা যায় তাদের।

অন্যদিকে, দফতরের ভেতর আটকে রয়েছেন, কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার। গতকালের বৈঠক থেকে ইতিবাচক কোন সিদ্ধান্ত না হওয়ায় রাতভর অবস্থান বিক্ষোভ চলে । কমিশনের দফতরের সামনে রয়েছেন আমাদের প্রতিনিধি সুমন মুখোপধ্যায়। আমরা সরাসরি চলে যাবো তার কাছে। সুমন ওখানকার কি পরিস্থিতি ?

(ভয়েসকাস্ট – সুমন মুখোপাধ্যায়)

oooooooooooooooooooooo

রাজ্য সরকার চাকরি-হারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের পাশে রয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ফের একবার জানিয়েছেন। পশ্চিম মেদিনীপুরের কলেজ মাঠে আজ এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে আন্দোলনরত শিক্ষকদের উদ্দেশ্যে তিনি বলেন, গোটা বিষয়টি আইনিভাবে দেখা হচ্ছে। কলকাতায় থাকলে গতরাতেই তিনি সমস্যার সমাধান করে দিতেন। সরকারের ওপর ভরসা রাখার জন্য আবারও আবেদন জানান মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooo

বামফ্রন্ট চাকরিহারা নিয়ে রাজ্য সরকারের দেওয়া মিথ্যা প্রতিশ্রুতিকে ধিক্কার জানিয়েছে। এই মিথ্যাচারের সঙ্গে যারা যুক্ত তাদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং অবিলম্বে যোগ্য - অযোগ্যদের তালিকা প্রকাশ করার দাবি জানিয়েছেন ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু । আজ এক প্রেস বিবৃতিতে তিনি বলেন, টাকার বিনিময়ে নিযুক্তদের জন্য যোগ্য শিক্ষকদের চাকরিহারা করার পরিবর্তে অযোগ্যদের চিহ্নিত করে আদালতে তার দাখিল করে যোগ্যদের শিক্ষকতার কাজে বহাল সুনিশ্চিত করা হোক।

অন্যদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন , শিক্ষা এবং স্বাস্থ্য ক্ষেত্রের ওপর বর্তমান সরকারের আমলে যেভাবে আঘাত নেমে এসেছে, তা আগামী দিনে সাধারণ মানুষের ওপরেও হতে পারে। যোগ্য শিক্ষকদের দাবি সারা বাংলার মানুষ সমর্থন করছে। সরকার চাইলেই যোগ্য – অযোগ্যর তালিকা প্রকাশ করতে পারে বলেও তিনি মন্তব্য করেন।

oooooooooooooooooooo

সুপ্রীম কোর্টের রায়ে চাকরিহারা যে সব শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষাকর্মী এস এস সি ভবনের সামনে আন্দোলন করছেন তাদের নূন্যতম সুবিধা দেওয়ার আবেদন জানিয়ে রাজ্য সরকারি কর্মচারীদের একাংশ নিয়ে গঠিত সংগ্রামী যৌথ মঞ্চ, মুখ্যমন্ত্রী মমতা

ব্যানার্জিকে চিঠি দিয়েছে। সেখানে তাদের জন্যে পানীয় জল, খাবার ও শৌচালয়ের ব্যবস্থা করার জন্যে মঞ্চের তরফে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ গোয়ালতোড়ে ১১২ দশমিক ৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি সৌর বিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন ছাড়াও ২১২-টি প্রকল্পের শিলান্যাস এবং শতাধিক প্রকল্পের উদ্বোধন করেন। আজকের অনুষ্ঠান মঞ্চ থেকে ৮ লক্ষের বেশি মানুষকে পরিষেবা দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান। অনুষ্ঠানের পর তিনি দু-দিনের সফর শেষে কলকাতা ফিরে আসেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মে মাসের প্রথম সপ্তাহে মুর্শিদাবাদের সামশেরগঞ্জে যেতে পারেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী । সংশোধিত ওয়াকফ আইন নিয়ে আন্দোলনের জেরে অশান্ত এলাকার পরিস্থিতি তিনি খতিয়ে দেখবেন বলে আশ্বাস দিয়েছেন। মেদিনীপুরের অনুষ্ঠান মঞ্চ থেকে আজ মুখ্যমন্ত্রী বলেন, অশান্তির ফলে ক্ষতিগ্রস্তদের উপযুক্ত সহায়তা দেওয়ার বিষয়ে রাজ্য সরকার ইতিমধ্যেই উদ্যোগ নিয়েছে। বহিরাগতদের নিয়ে এসে অশান্তি লাগানো হয়েছে বলে ফের একবার অভিযোগ করেন তিনি।

অন্যদিকে, ধুলিয়ান টাউন তৃণমূল কংগ্রেসের সভাপতি মেহেবুব আলম, সামশেরগঞ্জের বিধায়ক আমিরুল ইসলাম, ফারাক্কার বিধায়ক মনিরুল ইসলামের দাদা কাউসার আলির বিরুদ্ধে সামশেরগঞ্জের হিংসায় মদত দেবার অভিযোগ তুলেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। যদিও এই অভিযোগ অস্বীকার করেছেন তৃণমূল কংগ্রেসের নেতারা।

oooooooooooooooooooooo

মুর্শিদাবাদে আক্রান্তদের জন্য আজ ত্রাণ সংগ্রহে গেলে পুলিশ, বিজেপির রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদারকে গ্রেফতার করে।

উল্লেখ্য, আজ বিকেলে শ্রী মজুমদার হাজরা মোড়ে এই কর্মসূচিতে অংশ নিয়ে অর্থ সংগ্রহ করতে যান। পুলিশ সেই সময় তাদের বাধা দিলে বিজেপি কর্মীদের সঙ্গে পুলিশের বচসা বাধে। এরপরই শুরু হয় ধরপাকড়। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী মজুমদার বলেন, এটা কোন রাজনৈতিক কর্মসূচি এবং মিটিং মিছিল নয়। কোন অপরাধে এই কর্মসূচিতে বাধা দেওয়া হচ্ছে তিনি সে বিষয়ে প্রশ্ন তোলেন। শ্রী মজুমদার অভিযোগ করেন, পুলিশ আইনবিরুদ্ধভাবে তাদের গ্রেপ্তার করেছে। বিজেপির মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র সহ বেশ কয়েকজন নেতা-কর্মীকেও পুলিশ গ্রেপ্তার করে লালবাজারে নিয়ে যায়। পরে অবশ্য তাদের ছেড়ে দেওয়া হয়।

ooooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে ওয়েবকুপার বৈঠকের দিন শিক্ষামন্ত্রীর গাড়িতে এক ছাত্রের আহত হওয়ার প্রতিবাদে মেদিনীপুর কলেজে আন্দোলন চলাকালীন দুই DSO নেত্রীকে মেদিনীপুর মহিলা থানায় নিয়ে গিয়ে পুলিশী অত্যাচার চালানো হয়েছিল বলে কলকাতা হাইকোর্ট তার পর্যবেক্ষণে জানিয়েছে। সে কারণেই বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আজ আইজিপি ট্রেনিং মুরলিধর শর্মাকে বিশেষ তদন্তকারী দল সিট গঠন করে বিষয়টি খতিয়ে দেখার নির্দেশ দিয়েছেন। বিচারপতি আজ বলেন, এব্যাপারে সংশ্লিষ্ট ডি এস পি যে রিপোর্ট জমা দিয়েছিলেন তাতে ভুল তথ্য রয়েছে। বিকৃত করা হয়েছে সিসিটিভি ফুটেজও। এই মামলা আগামী দিনে জেলা মানবাধিকার আদালতে বিচার করা হবে। এক ছাত্র নেত্রীর ক্ষেত্রে পুলিশ মিথ্যা নথি তৈরি করে ভুয়ো

গ্রেফতারি পরোয়ানা জারি করেছিল বলেও রায়ে উল্লেখ করেছেন বিচারপতি। তবে, অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে কি পদক্ষেপ নেওয়া হবে, তা হাইকোর্ট পরে বিবেচনা করবে। জুলাই মাসে মামলার ফের শুনানি রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপির রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ রাজ্যপাল সি ভি আনন্দ বোসকে দেখতে হাসপাতালে যান। হাসপাতাল থেকে বেরোনোর সময় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, রাজ্যপালকে তারা দূর থেকে দেখেছেন । কথা বলেছেন রাজ্যপালের চিকিৎসক,ওএসডি ও পরিবারের সদস্যদের সঙ্গে । শ্রী মজুমদার রাজ্যপালের দ্রুত আরোগ্যও কামনা করেন।

আগেই জানানো হয়েছে, রাজ্যপাল সিভি আনন্দ বোসের শারীরিক অবস্থা বর্তমানে স্থিতিশীল। তাঁকে আলিপুরের কমান্ড হাসপাতাল থেকে বাইপাসের ধারের এক বেসরকারি হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। ওই হাসপাতালের কয়েকজন বিশেষজ্ঞ চিকিৎসকের উপস্থিতিতে গতরাতেই রাজ্যপালের বাইপাস সার্জারি করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আগামী তিন দিন তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে। মূলত পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রার পারদ ৪০ ডিগ্রীর বেশ খানিকটা উপরে উঠতে পারে। আগামীকাল পশ্চিম বর্ধমান, বীরভূম, পুরুলিয়া, ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর জেলায় তাপপ্রবাহের হলুদ সর্তকতা জারি করা হয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন। বৃহস্পতিবার পশ্চিম বর্ধমান, বীরভূম ও বাঁকুড়ায় থাকছে কমলা সতর্কতা।

সঙ্গে বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায়, ঘর্মাক্ত গরম থেকে এখনই রেহাই পাওয়ার কোন সম্ভাবনা নেই । তবে আজ বিকেলের দিকে উত্তরবঙ্গের কিছু জেলায় এবং মালদা ,মুর্শিদাবাদ ও বীরভূমে বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টি ও ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ার নিতুড়িয়া চক্রের রামপুর প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর এক ছাত্র আজ স্কুল চলাকালীন প্রচণ্ড গরমে অসুস্থ হয়ে পড়েছে। প্রাথমিক শুশ্রূষার পর তাকে বাড়ি পৌঁছে দেন স্কুলের দুই শিক্ষক। গত কয়েক দিন ধরেই পুরুলিয়ার তাপমাত্রা ৪০ ডিগ্রীর কাছাকাছি ঘোরাফেরা করছে। জলীয় বাষ্পের জন্য বেড়েছে অস্বস্তি। বেলা দশটার পর থেকেই রোদের তাপে বাইরে যাওয়া দুষ্কর হয়ে পড়ছে বলে জেলা সংবাদদাতা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০